

শাবিতে ভর্তি আবেদন ১৩ অক্টোবর শুরু

জবিতে ড্রেসকোড : 'বি' ইউনিটের পরীক্ষা ৯ অক্টোবর

যুগান্তর ডেস্ক

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক ১ম বর্ষ ভর্তি আবেদন ১৩ অক্টোবর শুরু হবে। চলবে ৩০ অক্টোবর পর্যন্ত। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে জালিয়াতি প্রতিরোধে ড্রেসকোড চালু করা হয়েছে। এ বিশ্ববিদ্যালয়ের 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা ৯ অক্টোবর অনুষ্ঠিত হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক (সর্বান) শ্রেণীতে ভর্তির জন্য আবেদনকারীদের বিষয় পছন্দক্রম পরিবর্তন করার সুযোগ দেয়া হয়েছে। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর—
সিলেট : শাবিতে আগামী ১৪ নভেম্বর সকাল সাড়ে ৯টায় 'A' ইউনিট এবং দুপুর আড়াইটায় 'B' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu/admission এ ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্য জানা যাবে। এবার শিক্ষার্থীদের পছন্দের বিষয়গুলোতে রেজিস্ট্রেশনের সুবিধার্থে 'A' ও 'B' ইউনিটের বিভাগগুলোকে কয়েকটি সাব-ইউনিটে (A; B1; B2, B3, B4) ভাগ করা হয়েছে। যদি কোনো শিক্ষার্থী 'A' ও 'B' উভয় ইউনিটের পরীক্ষা দিতে চায় তাহলে উভয় ইউনিটের জন্য পৃথকভাবে আবেদন করতে হবে। এসব সাব ইউনিটগুলো এমনভাবে সাজানো হয়েছে, যে কোনো একটি সাব-ইউনিটে আবেদন করলে ওই ইউনিটের অন্য সাব-ইউনিটে আবেদন করা যাবে না।

জবি : জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় জালিয়াতি প্রতিরোধে কর্তৃপক্ষ অভিনব ব্যবস্থা গ্রহণ করেছে। পরীক্ষার হলে শিক্ষার্থীরা যাতে কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে আনতে না পারে সেজন্য চালু করা হয়েছে ড্রেসকোড। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমান এসব তথ্য নিশ্চিত করেছেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ সন্মান শ্রেণীর 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৯ অক্টোবর শক্রবার। ওইদিন বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় কেন্দ্রসহ রাজধানীর মোট ১৮টি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার হলে পরীক্ষার্থীকে প্রিন্টকৃত দুই কপি প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষার আসনবিন্যাস বিশ্ববিদ্যালয়ের নোটিস বোর্ড ও ওয়েবসাইট (www.jnu.ac.bd) পাওয়া যাবে।

গাজীপুর : জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রার্থীরা Applicant's login অপশনে প্রার্থীর রোল নম্বর ও পিন ব্যবহার করে তাদের পূর্বের আবেদন বাতিলপূর্বক পুনরায় আবেদন করতে হবে। বিষয় পছন্দক্রম সংশোধন/পরিবর্তন করার জন্য ডিন, স্নাতকপূর্ব শিক্ষাবিষয়ক স্কুল বরাবর চলতি বছরের ১২ অক্টোবরের মধ্যে আবেদন করতে হবে।